আইসিটি শাখা
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
তারিখঃ ১৫/০২/২৬
ডায়েরী নং- ৮৫৫
অতিঃ এসপি (আইসিটি)
এএসপি (আইসিটি)

গণভোট ২০২৬
সংসদ নির্বাচন
দেশের চাবি
আপনার হাতে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
ইউএন অপারেশন্স শাখা
www.police.gov.bd

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০০২.২৬- ৯০৬ তারিখ:- ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয় : Gang Suppression Force (GSF), Haiti তে GSF FPU প্রেরণের জন্য প্রাথমিক অতিরিক্ত সদস্য মনোনয়ন প্রেরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে অবগতির জন্য জানানো যাচ্ছে যে, **GSF-FPU, Haiti** তে মোতায়েনের লক্ষ্যে ট্রেড কোটায় (এএসআই/এটিএসআই ও তদনিম্ন) ঘাটতি পূরণের জন্য ইতঃপূর্বে প্রেরিত মনোনয়ন তালিকার অতিরিক্ত নিম্নোক্ত ছক মোতাবেক সংযুক্ত তালিকায় বর্ণিত নির্ধারিত সংখ্যক নামের তালিকা আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২৬ তারিখের মধ্যে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো। **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'**-এ বর্ণিত নীতিমালা/পরীক্ষা পদ্ধতি অনুসরণ পূর্বক মনোনয়ন প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

**সাধারণ নির্দেশনাবলি:**

(১) প্রার্থীর বয়স **'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'**-এ উল্লেখিত বয়সসীমা হতে প্রতি র‍্যাংকে/ক্ষেত্রে ৫ বছর কম হবে, অর্থাৎ সকল ট্রেডভুক্ত সদস্যদের ক্ষেত্রে সর্বোচ্চ ৪৫ বছর এবং ভেহিক্যাল মেকানিক ও অটো ইলেক্ট্রিশিয়ানদের ক্ষেত্রে বয়সসীমা হবে সর্বোচ্চ ৪৭ বছর।

(২) বয়সে তরুণ, দক্ষ ও কর্মোদ্যমী, সাহসী, চৌকস, প্রতিকূল এবং সংঘাতপূর্ণ পরিস্থিতিতে দায়িত্ব পালনে সক্ষম সদস্যদের মনোনীত করার ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

(৩) কোন পুলিশ সদস্যদের বিরুদ্ধে বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন থাকলে কিংবা চাকুরী জীবনে কখনো গুরুদণ্ড প্রাপ্ত হলে বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হলে এবং কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করলে বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হলে অথবা পূর্ববর্তী মিশনে বিরূপ মন্তব্য প্রাপ্ত হলে মিশনে গমন করতে পারবে না এবং তার নাম প্রেরণ করা যাবে না।

(৪) ইউনিট হতে মনোনীত সদস্যের বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী মামলা চলমান/মুলতবী/প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধের দায়ে সাজাপ্রাপ্ত হননি এবং International Human Rights Law অথবা International Humanitarian Law ভঙ্গ করেননি এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি মর্মে ইউনিট প্রধান কর্তৃক পৃথকভাবে প্রত্যেকের প্রত্যয়নপত্র প্রেরণ করতে হবে।

(৫) মনোনীত সদস্যদের নামের তালিকার সফ্ট কপি (MS Excel/SutonnyMJ ফন্ট-এ) সিডি/ই-মেইল মারফত পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা বরাবর প্রেরণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো।

(৬) ইতঃপূর্বে মনোনয়ন প্রেরণ করা হয়ে থাকলে, পুনরায় নতুন করে মনোনয়ন প্রেরণের প্রয়োজন নেই।

(৬) মনোনীত সদস্যগণের তথ্যসমূহ পৃথক পৃথকভাবে নিম্নোক্ত ছক মোতাবেক প্রেরণ করতে হবে-

"ছক"

| ক্রমিক | বিপি নম্বর | পদবি | নাম | ইউনিট | জন্ম তারিখ | চাকুরিতে যোগদানের তারিখ | শিক্ষাগত যোগ্যতা | বিশেষায়িত অভিজ্ঞতা/ যোগ্যতা /ট্রেনিং (যদি থাকে) | বিশেষায়িত ইউনিটে কর্মরত সময়কাল (যদি থাকে) | ভাষা জ্ঞান | মিশন অভিজ্ঞতা | শাস্তি | | ইতোপূর্বে মিশনে কোন বিরূপ মন্তব্য পেয়েছেন কিনা | জাতীয় বেতন স্কেল গ্রেড নং | সর্বশেষ মিশন | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | দিন.মাস.বছর | দিন.মাস.বছর | | | | | | লঘু | গুরু | | | মিশনের নাম | প্রত্যাবর্তনের তারিখ |
| | | | | | | | | | | | | | | | | | |

**বিশেষ দ্রষ্টব্যঃ** প্রতিটি ক্ষেত্রে মনোনয়ন প্রেরণের পূর্বে বাছাই প্রক্রিয়ায় **পত্রে উল্লেখিত নির্দেশনাবলি ও 'জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPU সদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১'**-এ বর্ণিত নীতিমালা/পরীক্ষা পদ্ধতি কঠোরভাবে প্রতিপালনীয়।

সংযুক্তিঃ ০২ পাতা

10.02.26

(মোঃ আবদুল্লাহ আল-মামুন)
বিপি-৭৬০৫১০৫১১২
অতিরিক্ত ডিআইজি
ফোন: ০২২২৩৩৮১৭৩০
ই-মেইলঃ aigunphq@gmail.com

(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
২। অতিরিক্ত আইজি, এসবি, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

C:\Users\PHQ-UN\Desktop\GSF Circular 2026.docx

৩। অতিরিক্ত আইজি, হাইওয়ে পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৪। অতিরিক্ত আইজি, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৫। অতিরিক্ত আইজি, শিল্পাঞ্চল পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
৬। পরিচালক (ডিআইজি), কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।
৭। ডিআইজি, বরিশাল রেঞ্জ, বরিশাল/ সিলেট রেঞ্জ, সিলেট।
৮। পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/এসএমপি/বিএমপি/জিএমপি/আরপিএমপি।
৯। অতিরিক্ত ডিআইজি (হেডকোয়ার্টার্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

স্মারক নং- ৪৪.০১.০০০০.০৩৯.১১.০০২.২৬-১০৮ তারিখঃ- ২৭ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ / ১০ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। এআইজি (আইসিটি), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি সংযুক্ত কাগজপত্রসহ পুলিশ ওয়েবসাইট-এ প্রচার করার জন্য অনুরোধ করা হলো)।
২। এআইজি (মিডিয়া এন্ড পাবলিক রিলেশন্স), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (বার্তাটি বাংলাদেশ পুলিশ এর মিডিয়া হাইলাইটস গ্রুপে প্রচার করার জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।
৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (অপারেশন্স কন্ট্রোল রুম), পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (তাকে পত্রটি সংশ্লিষ্ট ইউনিট/কর্মকর্তার নিকট প্রেরণ নিশ্চিতকরতঃ ডায়েরীভুক্ত করার জন্য অনুরোধ করা হলো)।

10.02.26

সংযুক্তিঃ ০২ পাতা

(মোঃ আবদুল্লাহ আল-মামুন)
বিপি-৭৬০৫১০৫১১২
অতিরিক্ত ডিআইজি
ফোনঃ ০২২২৩৩৮১৭৩০
ই-মেইলঃ aigunphq@gmail.com

C:\Users\PHQ-UN\Desktop\GSF Circular 2026.docx

# GSF FPU-2026 মিশনের জন্য ইউনিট অনুযায়ী নির্ধারিত সংখ্যা (ট্রেড কোটা)

## জনবলের আনুপাতিক হারে নির্ধারিত কোটা

| ক্রমিক নং | ইউনিটের নাম | ড্রাইভার (এপিসি) | ড্রাইভার (রেকার) | ড্রাইভার (ওয়াটার ক্যানন) | অপারেটর (ওয়াটার ক্যানন) | ড্রাইভার (গার্বেজ/সুয়ারেজ ট্রাক) | অপারেটর (গার্বেজ/সুয়ারেজ ট্রাক) | অপারেটর (ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট) | অপারেটর (রেফ্রিজারেটরকন্টেনার) | অপারেটর (ইলেক্ট্রেশিয়ান/জেনারেটর) | নার্সিং অর্ডালি | অ্যাম্বুলেন্স মেডিক | ভেহিকেল মেকানিক | অটো ইলেক্ট্রিশিয়ান | কম্পিউটার অপারেটর | হিসাব সহকারী | ইমাম | কার্পেন্টার | প্লাম্বার | আরমোরার | টেইলর | বারবার | কুক/বাবুর্চী | এনসিই/ঝাড়ুদার | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | পুলিশ হেডকোয়ার্টার্স | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | ১ | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | ২ | | ২০ |
| ২ | ডিএমপি, ঢাকা | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | ২ | ১ | | | | | | | | | ১ | | ১৩ |
| ৩ | সিএমপি, চট্টগ্রাম | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | ২ | | | | | ১ | | ১ | | ১ | | ১ | ২ | | ১৭ |
| ৪ | কেএমপি, খুলনা | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | ১ | ১ | ১ | | | ১ | | ১ | | ১ | ১ | ১ | | ১৭ |
| ৫ | আরএমপি, রাজশাহী | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | ১ | | ১ | ১ | | ১ | | ১ | | | ১ | ১ | ১ | | ১৬ |
| ৬ | বিএমপি, বরিশাল | | | ১ | ১ | ১ | ১ | ১ | | | ১ | | ১ | | | | ১ | | ১ | ১ | ১ | ১ | | | ১২ |
| ৭ | এসএমপি, সিলেট | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | ১ | | | ১ | | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | ১৪ |
| ৮ | গাজীপুর মেট্রো | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | ১ | | | | | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | ১৪ |
| ৯ | রংপর মেট্রো | | | | | | | | | | ১ | | | | | ১ | | | ১ | ১ | ১ | ১ | | | ৬ |
| ১০ | বরিশাল রেঞ্জ | | | | | | | | | | | | | | | | | | | ১ | ১ | | | | ২ |
| ১১ | সিলেট রেঞ্জ | | | | | | | | | | | | | | | ১ | | | | | ১ | | | | ২ |
| ১২ | এসবি | | | | | | | | | | | | | | | ১ | | | | ১ | ১ | ১ | | | ৪ |
| ১৩ | এপিবিএন | | | | | | | | | | ২ | | | | ১ | | | ২ | | | | | | | ৫ |
| ১৪ | হাইওয়ে পুলিশ | | ২ | | | ১ | ১ | | | | | | | | | | | | ১ | ১ | ১ | | | | ৭ |
| ১৫ | ইন্ডাষ্ট্রিয়াল পুলিশ | ২ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | ১ | | | | | | | | | | | | | | | ১০ |
| ১৬ | পুলিশ হাসপাতাল | | | | | | ১ | | | | ৭ | | | | | | | | | | | | | | ৮ |
| | মোট | ১৬ | ১০ | ৯ | ৯ | ১০ | ১১ | ৭ | ৫ | ২ | ১৭ | ১ | ৬ | ৪ | ১ | ৮ | ৫ | ৭ | ৭ | ৯ | ১০ | ৬ | ৭ | ০ | ১৬৭ |

সংযুক্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইউনিটের নামঃ..........
ইউনিটের ঠিকানাঃ .........
ওয়েব সাইটঃ..............

**প্রত্যয়ন পত্র**
**(ট্রেড কোটা)**

এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, নামঃ.........................., বিপিঃ......................, পদবী, ........................, ট্রেডের নামঃ..............................., ইউনিটঃ................... এর বিরুদ্ধে কোন বিভাগীয়/ফৌজদারী সংক্রান্ত মামলা চলমান/তদন্তাধীন/ প্রক্রিয়াধীন নেই কিংবা চাকুরী জীবনে তিনি কখনো গুরুদণ্ড প্রাপ্ত হননি বা আদালত কর্তৃক কোন ফৌজদারী অপরাধে সাজাপ্রাপ্ত হননি।

এছাড়া, তিনি কখনো International Human Rights Law/International Humanitarian Law ভঙ্গ করেননি বা ভঙ্গের অভিযোগে সাজাপ্রাপ্ত হননি। ইতোপূর্বে FPUমিশনে গমন করেননি (ভেহিক্যাল মেকানিক, অটো-ইলেক্ট্রিশিয়ান, এপিসি ড্রাইভার, রেকার ড্রাইভার, ফর্কলিফ্‌ট ড্রাইভার ও অ্যাম্বুলেন্স মেডিক ট্রেডের ক্ষেত্রে এ শর্ত শিথিলযোগ্য) এবং পূর্ববর্তী মিশনে কর্মরত থাকাকালে বিরূপ মন্তব্য পাননি (প্রযোজ্য ক্ষেত্রে)। তিনি ভেহিক্যাল মেকানিক, অটো-ইলেক্ট্রিশিয়ান, এপিসি ড্রাইভার, রেকার ড্রাইভার, ফর্কলিফ্‌ট ড্রাইভার ও অ্যাম্বুলেন্স মেডিক ট্রেড কোটায় FPU সদস্য হিসেবে ..........সালে ........................মিশনে কর্মরত ছিলেন।

মনোনীত সদস্যকে জাতিসংঘ শান্তিরক্ষা মিশনঃ FPUসদস্য নির্বাচন নির্দেশিকা ২০২১ এর সকল শর্তাবলি ও সংশ্লিষ্ট সকল বিধিবিধান যথাযথভাবে প্রতিপালনপূর্বক শারীরিক উপযুক্ততা ও সংশ্লিষ্ট ট্রেডের দক্ষতা যাচাইকরতঃ মনোনীত করা হয়েছে। তিনি উচ্চ রক্তচাপ, হৃদরোগ, হার্নিয়া, দৃষ্টিশক্তি, নাক-কান-গলার রোগ, এইচআইভি (HIV), হেপাটাইটিস-বি, ডায়াবেটিস ও Sexually Transmitted Disease (Venereal Disease) সহ সকল প্রকার সংক্রামক রোগ মুক্ত এবং তিনি কোন প্রকার মাদক বা নেশা জাতীয় ওষুধ/দ্রব্যে আসক্ত নন। মনোনীত সদস্য দৈহিক গড়ন, সুস্থ, সাহসী, চৌকস, প্রতিকূল ও সংঘাতপূর্ণ পরিস্থিতিতে দায়িত্ব পালনে সক্ষম।

আমি তার সর্বাঙ্গীন সাফল্য কামনা করি।

(ইউনিট প্রধান/প্রত্যয়নকারী কর্মকর্তা)
স্বাক্ষরঃ.......................................
নামঃ.........................................
বিপিঃ.........................................
পদবীঃ........................................
ঠিকানাঃ .....................................
ফোনঃ.........................................
ই-মেইলঃ ..................................

C:\Users\PHQ-UM\Desktop\GSF Circular 2026.docx